DD—৪১

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা।

নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৫.২০১৭-৫৮৪ তারিখ ঃ ২২-১১-২০১৭ খ্রি.।

বিষয় ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভূক্তির মাধ্যমে "বিশ্ব প্রামান্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫/১১/২০১৭ তারিখে সারাদেশে উদযাপনের লক্ষ্যে সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহণ।

সূত্র ঃ (ক) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-৫০০, তারিখ ঃ ১২/১১/২০১৭ খ্রি.।
(খ) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-৫১৭, তারিখ ঃ ২১/১১/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পেক্ষিতে জানানো যাচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভূক্তির মাধ্যমে "বিশ্ব প্রামান্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫/১১/২০১৭ তারিখে সারাদেশে উদযাপনের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠনসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় তাঁর অধিদপ্তর এবং আওতাধীন প্রতিষ্ঠানের ঢাকায় অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীগণকে ঢাকা সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় কর্মসূচীতে এবং জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীগণকে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত কর্মসূচীতে অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(ডাঃ মোঃ সারোয়ার বারী)
উপসচিব
ফোন : ৯৫৪০৯২২

বিতরণ (কার্যার্থে) ঃ

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১-২। *** *** ***

দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/ভাষণ-৪৩৫/২০১৭/ ৬২৭০/২(৬০০) তারিখ ঃ ০৭ অগ্রহায়ণ, ১৪২৪ / ২৩ নভেম্বর, ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণার্থে ঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)............................... এ অধিদপ্তর
৩. পরিচালক, MFSTC, মোহাম্মদপুর, ঢাকা /তত্ত্বাবধায়ক, MCHTI, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৫. অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।

তাঁর অধীনস্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে আগামী ২৫.১১.২০১৭ খ্রি. তারিখ ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় কর্মসূচীতে অংশগ্রহণের নিমিত্ত বেলা ১.০০ ঘটিকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরে উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬. সহকারী পরিচালক (পরিবহন), এ অধিদপ্তর। তাঁকে অধিদপ্তরে কর্মরত সকল গাড়ীচালককে প্রয়োজনীয় নির্দেশনা দানের জন্য অনুরোধ করা হলো।
৭. বেগম বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(চলমান পাতা-০২)

৮. পরিচালক, পরিবার পরিকল্পনা, ..................................বিভাগ।

৯. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), ....................................

তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), ....................................।
তাঁকে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১. মহাপরিচালক/ পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।

সংযুক্তঃ- ০৩(তিন) পাতা।

(মোঃ রমজান আলী)
যুগ্ম-সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
পরিচালক (প্রশাসন)
ফোন নং- ৯১৪৬১২৮।

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.৫১৭

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৪ / ২১ নভেম্বর ২০১৭

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ সারাদেশে উদ্‌যাপনের লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ ঢাকা মহানগরীসহ সকল জেলা ও উপজেলায় "আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদ্‌যাপন করার জন্য কর্মসূচি গৃহীত হয়েছে। বর্ণাঢ্য, আকর্ষণীয় ও সর্বাঙ্গীন সুন্দরভাবে উক্ত কর্মসূচি একযোগে সারাদেশে উদ্‌যাপনের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। উক্ত কর্মসূচি যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানের ঢাকায় অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীগণকে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যোনে অনুষ্ঠেয় কর্মসূচিতে এবং জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২১-১১-১৭
(মোঃ সাজ্‌জাদুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
general_sec@cabinet.gov.bd

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ ------------মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩. বিভাগীয় কমিশনার
---------------------------------- বিভাগ (সকল)
৪. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.৫১৭

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৪ / ২১ নভেম্বর ২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(মোঃ সাজ্‌জাদুল হাসান)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
<u>সাধারণ অধিশাখা</u>

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একইদিনে "আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ ও সময় : ১২ নভেম্বর ২০১৭, বেলা ১:০০ ঘটিকা

সভার স্থান : মন্ত্রিপরিষদ কক্ষ

সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভ করায় এ অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে আগামী ২৫.১১.২০১৭ তারিখে সারাদেশে “আনন্দ শোভাযাত্রা” আয়োজনের মাধ্যমে দিবসটি উদ্‌যাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। সার্বিক আলোচনান্তে সারাদেশে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখে “আনন্দ শোভাযাত্রা” আয়োজনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় সারাদেশে জেলা ও উপজেলায় একযোগে আনন্দ শোভাযাত্রা'র আয়োজন করতে হবে। | জেলা প্রশাসন (সকল) ও উপজেলা প্রশাসন (সকল) |

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২. | জেলা ও উপজেলা পর্যায়ে একই দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও চলচ্চিত্র (ওরা ১১ জন) প্রদর্শন করতে হবে। | তথ্য মন্ত্রণালয়,<br>জেলা প্রশাসন (সকল) ও<br>উপজেলা প্রশাসন (সকল) |
| ৩. | স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় ঢাকা মহানগরীর বিভিন্ন স্থান থেকে আনন্দ শোভাযাত্রা শুরু হয়ে সোহরাওয়ার্দী উদ্যানে সমবেত হবে। | 'ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি' ও বিভাগীয় কমিশনার, ঢাকা/জেলা প্রশাসন, ঢাকা/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ৪. | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ, ধানমন্ডি ৩২ নম্বর হতে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বেলা ৩:০০ ঘটিকায় রওয়ানা হয়ে সোহরাওয়ার্দী উদ্যানে এসে মিলিত হবে। | ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি |
| ৫. | ঢাকা মহানগরীসহ সারাদেশে ২৫ নভেম্বর ২০১৭ তারিখে আয়োজিত আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য বেসরকারি টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচার করতে হবে। এছাড়া বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সকল ইলেকট্রনিক মিডিয়ায় **বিশেষ অনুষ্ঠান** এবং প্রিন্ট মিডিয়ায় **ক্রোড়পত্র** প্রকাশের ব্যবস্থা গ্রহণে করতে হবে। | তথ্য মন্ত্রণালয় |
| ৬. | আনন্দ শোভাযাত্রায় বাংলাদেশ পুলিশ, আনসার ও বর্ডার গার্ড বাংলাদেশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর বর্ণাঢ্য বাদক দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ |
| ৭. | ঢাকা মহানগরীতে অনুষ্ঠেয় আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত 'ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়- আহ্বায়ক<br>২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ- সদস্য<br>৩. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়-সদস্য<br>৪. বিভাগীয় কমিশনার, ঢাকা-সদস্য-সচিব<br>৫ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন- সদস্য<br>৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)- সদস্য<br>৭. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)- সদস্য<br>৮. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)- সদস্য<br>৯. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)- সদস্য<br>১০. তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য | - |

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ১১. জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১২. সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৩. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৪. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৫. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৬. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৭. স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৮. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>১৯. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিম্নে নন)-সদস্য<br>২০. জেলা প্রশাসক, ঢাকা- সদস্য | |
| ৮. | সোহরাওয়ার্দী উদ্যানে ৭ই মার্চের ভাষণের উপর নির্মিত লেজার লাইট শো, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজনসহ মঞ্চ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | 'ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি' ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৯. | পরীক্ষার্থীদের পড়াশুনার ব্যাঘাত না ঘটিয়ে আনন্দ শোভাযাত্রায় তাদের অংশগ্রহণের বিষয়টি বিবেচনা করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১০. | আনন্দ শোভাযাত্রাকে শৈল্পিক, নান্দনিক ও দর্শকগ্রাহী করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড ডিসপ্লেসহ বর্ণাঢ্য আয়োজনের ব্যবস্থা করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ/জেলা ও উপজেলা প্রশাসন |
| ১১. | জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ৭ই মার্চের ভাষণের উপর রচনা প্রতিযোগিতা, কুইজ, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা আয়োজন করবে ও বিজয়ীদের পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)/জেলা ও উপজেলা প্রশাসন |

আওতাধীন (প্রশাসন)

২০

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১২. | সারাদেশে অনুষ্ঠেয় আনন্দ শোভাযাত্রাসহ অন্যান্য সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ |
| ১৩. | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ আনন্দ শোভাযাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশী কমিউনিটিকে সম্পৃক্ত করে অনুরূপ কর্মসূচি গ্রহণ করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৪. | আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠানের ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে। | অর্থ বিভাগ |
| ১৫. | জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের অধীনস্ত দপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২.১১.১৭
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

তারিখ: ২৮ কার্তিক ১৪২৪ / ১২ নভেম্বর ২০১৭

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.০৬.০০১.১৭.৫০০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/বিভাগ।
৩. বিভাগীয় কমিশনার, ----------------------------------------বিভাগ।
৪. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮. জেলা প্রশাসক, --------------------------------জেলা।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------------উপজেলা।
১০. ----------------------------------------------------।

১২-১১-১৭
(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব